দৈনিক ইত্তেফাক

তারিখ 21 DEC 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

# বৃত্তি পরীক্ষার অঙ্ক প্রশ্নে ভুল

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (সোমবার) ঢাকা বোর্ডের ১৯৯৩ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার অংক প্রশ্নে ভুল ছাপা হওয়ার কারণে পরীক্ষার্থীদের মধ্যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। প্রশ্নপত্রের (৬ষ্ঠ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বৃত্তি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

৩ নম্বর প্রশ্নে উল্লেখ ছিল কোন 'বৃহত্তম' সংখ্যার সহিত ৩ যোগ করিলে যোগফল ১২, ৩০ এবং ৪৮ দ্বারা বিভাজ্য হইবে। সংজ্ঞা অনুযায়ী কথাটি 'বৃহত্তম' না হইয়া ক্ষুদ্রতম হওয়ার কথা। কোন কেন্দ্রে কেহই ইহা সংশোধন করিয়া দেন নাই। ফলে কোন ছাত্র-ছাত্রীই বাধ্যতামূলক এই অংকটির সঠিক উত্তর বাহির করিতে পারে নাই।